দৈনিক বাংলা

তারিখ 12/10/78
পৃষ্ঠা 9 কলাম 1

047

# শিক্ষা প্রতিষ্ঠানগুলোকে রাষ্ট্রায়ত্ত করার সুপারিশ

কুষ্টিয়া, ৮ই অক্টোবর (বাসস)।—দেশের ভবিষ্যৎ শিক্ষানীতি সম্পর্কে আলোচনার জন্য গতকাল স্থানীয় সরকারী উচ্চ বালিকা বিদ্যালয়ে জেলা শিক্ষা ও কর্ম শিবির শুরু হয়েছে।

কুষ্টিয়ার ডেপুটি কমিশনার এই ওয়ার্কশপের উদ্বোধন করেন। বিভিন্ন পেশায় নিযুক্ত প্রায় ৬০ জন বিশিষ্ট ব্যক্তি আলোচনায় অংশ নিচ্ছেন।

গতকালের আলোচনায় অংশগ্রহণকারীরা দেশের শিক্ষা ব্যবস্থায় বৈপ্লবিক পরিবর্তনের প্রয়োজনীয়তার উপর গুরুত্ব আরোপ করে সমস্ত শিক্ষা প্রতিষ্ঠানকে রাষ্ট্রায়ত্ত করার এবং আবাসিক বিদ্যালয় ও ক্যাডেট-কলেজগুলো তুলে দেয়ার সুপারিশ করেন।

ছাত্রদের নৈতিক চরিত্রের উল্লেখ করে তাঁরা মাধ্যমিক বিদ্যালয় পর্যন্ত ধর্মীয় শিক্ষা বাধ্যতামূলক করার সুপারিশ করেন। এবং শিক্ষাকে উৎপাদনমুখী করার জন্য কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষার উন্নয়নের উপর জোর দেন।

শিক্ষা প্রতিষ্ঠানসমূহের আর্থিক অবস্থা ও শিক্ষকদের অর্থনৈতিক অবস্থার উন্নয়নের জন্য তারা জাতীয় আয়ের শতকরা ১০ ভাগ শিক্ষা খাতে ব্যয় করার পরামর্শ দেন।

**ফরিদপুর**

ফরিদপুর থেকে অপর এক খবরে প্রকাশ, মৎস্য ও পশুপালনমন্ত্রী জনাব কে এম ওবায়দুর রহমান গতকাল ফরিদপুরের কবি জসিমউদ্দীন হলে একদিনব্যাপী জেলা শিক্ষা ওয়ার্কশপের উদ্বোধন করে বলেছেন আমাদের জাতীয় ঐতিহ্যের মূলনীতির উপর ভিত্তি করেই দেশের শিক্ষা পদ্ধতি প্রণয়ন করা হবে।

তিনি বলেন, গণতান্ত্রিক শিক্ষা পদ্ধতি প্রবর্তনের মাধ্যমে আমাদের স্বাধীনতার ইতিহাসকে বিকৃত করার প্রচেষ্টা রোধ করা হবে এবং এই পদ্ধতিতে বিদেশী ভাবধারাকে অনুপ্রবেশ করতে দেয়া হবে না।